বাংলাদেশের

**কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়**

'অডিট ভবন'

৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।

www.cag.org.bd

নং-৮২.০০.০০০০.০৪৭.২১.০০১.১৯-১১৬৩

তারিখ : ২০/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৩/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

**বিজ্ঞপ্তি**

**বিষয় : এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ গ্রহণ প্রসঙ্গে।**

০১॥ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের অধীনে এমএসও-২০২৩, অধ্যায়-০৪ এর অনুচ্ছেদ-(৪.৪) মোতাবেক আগামী জুলাই/২০২৬ খ্রি. মাসের শেষ সপ্তাহে (সম্ভাব্য) এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ গ্রহণ করা হবে। নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণপূর্বক আবেদনপত্র প্রেরণের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০২॥ অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে সিএজি কার্যালয়ের ওয়েবসাইট (www.cag.org.bd) এ প্রবেশ করে নির্ধারিত সময়ের মধ্যে (যথাসময়ে আবেদনের সময় ও লিংক পাওয়া যাবে) Online ফরম পূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি (ছবির উপরে অফিস প্রধান/তাঁর মনোনীত কর্মকর্তা কর্তৃক সত্যায়নসহ) আঠা দিয়ে সংযুক্ত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের পর কোন তালিকা/সম্পূরক তালিকা গ্রহণযোগ্য নয়। সুতরাং এ সংক্রান্ত পৃথক কোন আবেদনপত্র/Soft Copy সুপারিশ সহকারে এ কার্যালয়ে প্রেরণ না করার অনুরোধ করা হলো।

০৩॥ অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণের ০১ টি তালিকা (সফট্ কপি) অনলাইন আবেদন ফরমসহ Nikosh Font এ টাইপ করে ই-মেইল এ্যাড্রেস **(exam@cag.org.bd)** অথবা পেনড্রাইভের মাধ্যমে **(Word Version**-এ) প্রেরণ করতে হবে **(নতুন ও পুরাতন পরীক্ষার্থীগণের পৃথক পৃথক তালিকাসহ)।**

০৪॥ পরীক্ষার্থীগণের তালিকা প্রণয়নকালে সংযুক্ত "ছক-ক" এর নতুন সিলেবাস অনুযায়ী ৬-১০ নং কলামে এবং পুরাতন সিলেবাস অনুযায়ী ৭-১০ নং কলামে **অব্যাহতি প্রাপ্ত বিষয়ের নাম (প্রতি বিষয়ের জন্য পৃথক পৃথক ক্রমিক নম্বর প্রদানসহ) রোল নম্বর ও পরীক্ষার সন নির্ভুলভাবে Nikosh Font** এ টাইপ করে ০১ টি সফট্ কপি ক্রমিক-০৩ এ বর্ণিত ই-মেইল এ্যাড্রেস এ প্রেরণ করতে হবে।

০৫॥ আবেদন ফরমের ক্রমিক নং-১৩ তে পূর্বে অংশগ্রহণকৃত পরীক্ষায় অব্যাহতিপ্রাপ্ত বিষয়ের নাম, রোল নম্বর এবং পরীক্ষার সন আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

০৬॥ প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার ফি বাবদ **৫০০/- (পাঁচশত)** টাকা [**১১০০১০১১০১৯৮৪-১৪২২৩২৬ (নতুন কোড অনুযায়ী)/১/১০০১/০০০১/২০৩১ (পুরাতন কোড অনুযায়ী)] পরীক্ষা ফি** খাতে সরকারি কোষাগারে জমা দিয়ে ট্রেজারি চালানের মূলকপি **(Chalan Verification এর কপিসহ)** আবেদনপত্রের সাথে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে অন্যথায় আবেদন বিবেচনা করা হবে না।

০৭॥ সম্পূর্ণ নতুন অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা ২০২৩ এর তফসিল-১ এ উল্লিখিত শর্তানুযায়ী আবেদনকারীগণ এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ এ অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন।

০৮॥ প্রেরিত প্রবেশপত্রের নমুনা ফরমে বর্ণিত সকল বিষয়বস্তু ও নির্দেশনাবলীর সাথে হুবহু মিল রেখে প্রবেশপত্রের ফরমেট তৈরী করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য স্ব স্ব অফিস কর্তৃক ০১টি করে আবেদন ফরম এবং প্রবেশপত্রের নমুনা (২টি) ফরমে পরীক্ষার্থীর নাম ও অফিসের নাম যথাস্থানে পূরণ করতঃ নমুনা স্বাক্ষরের স্থানে ০৩টি নমুনা স্বাক্ষর গ্রহণপূর্বক অফিস প্রধান/তাঁর মনোনীত কর্মকর্তা কর্তৃক সত্যায়নসহ পরীক্ষার্থীদের আবেদনপত্রের সাথে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৯॥ এমএসও-২০২৩, অধ্যায়-০৪ এর অনুচ্ছেদ-(৪.৪) এ উল্লিখিত শর্তানুযায়ী অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণকে আবেদনপত্রে উল্লিখিত সকল বিষয়ের পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীগণকে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণকসহ) পরীক্ষা সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানের মন্তব্যসহ তাঁদের আবেদনপত্র এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। সিএজি কার্যালয় কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত অনুপস্থিতির কারণ গ্রহণযোগ্য বিবেচিত না হলে অনুপস্থিত পরীক্ষার্থীগণকে **পরবর্তী ০২ টি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ হতে বিরত রাখা হবে**।

১০॥ কোন আবেদনকারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কেইস চলমান থাকলে তিনি এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ এ অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন না, বিষয়টি সংশ্লিষ্ট অফিস প্রধান/তাঁর মনোনীত কর্মকর্তা কর্তৃক নিশ্চিত করতে হবে।

১১॥ এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ এর সময়সূচী এবং নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের নাম ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

১২॥ পরীক্ষার্থীদের আবেদন ফরম এবং প্রবেশপত্রের কপি সংশ্লিষ্ট অফিসসমূহে সংরক্ষণপূর্বক নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী আলাদাভাবে পরীক্ষার্থীগণের নামের তালিকাসহ মূলকপিসমূহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৩॥ সিএজি কার্যালয়ের অফিস আদেশ নম্বর-৮২.০০.০০০০.০৪৭.২৬.০০১.২০-১০ তারিখ-২৮/০৩/২০২২ খ্রি. মোতাবেক যারা ন্যূনতম একবার এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষায় পুরাতন সিলেবাসে অংশগ্রহণ করেছেন এবং এক/একাধিক বিষয়ে উত্তীর্ণ হয়েছেন সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীগণ পুরাতন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। কোন প্রার্থী এক বা একাধিক বিষয়ে উত্তীর্ণ হলেও তিনি চাইলে নতুন সিলেবাসে সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবেন। পুরাতন সিলেবাসের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় তারা এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা/২০২৬ এ নিজ নিজ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ইতোঃপূর্বে যারা এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষায় পুরাতন সিলেবাসে অংশগ্রহণ করেছেন এবং কোন বিষয়ে উত্তীর্ণ হননি সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীগণ আবশ্যিকভাবে নতুন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

(চলমান-০২)

১৪॥ যে সকল প্রার্থী নতুনভাবে (প্রথমবার) এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করবেন এবং ইতোপূর্বে নতুন সিলেবাসে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ নতুন সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১৫॥ **অনলাইনে আবেদনপত্র সঠিকভাবে পূরণ করা না হলে অথবা কোন প্রকার ভুল তথ্য প্রেরণ করা হলে উক্ত আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে (পরীক্ষার্থীদের দেয়া তথ্য পরীক্ষা শাখায় সংরক্ষিত তথ্যের সাথে যাচাই করা হবে)।**

১৬॥ এসএএস/এসআরএএস-১ম পর্ব পরীক্ষা'২০২৬ এ অংশগ্রহণেচ্ছুক প্রার্থীগণের অবগতির লক্ষ্যে এ বিজ্ঞপ্তিটি প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**বিঃ দ্রঃ- সিএজি কার্যালয়ের ওয়েবসাইট [www.cag.org.bd→Employee→Examination→SAS/SRASPart-01] এ প্রবেশ করে Online ফরম পূরণ করতে হবে এবং একই স্থান/লিংক হতে পরীক্ষার পূর্বে এবং যথাযথ সময়ে Admid card download করা যাবে।**

স্বাক্ষরিত
কামরুজ্জামান
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
(পরীক্ষা ও পরিদর্শন)
ফোন : ৯৩৪৬৬০৯
exam@cag.org.bd

নং-৮২.০০.০০০০.০৪৭.২১.০০১.১৯-১১৬৩

তারিখ : ২০/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৩/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা। [অধিনস্থ সকল কার্যালয়ে প্রচারের অনুরোধসহ]
০২। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, "অডিট ভবন" ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
০৩। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। [অধিনস্থ সকল কার্যালয়ে প্রচারের অনুরোধসহ]
০৪। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর), সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
০৫। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ১৬/আব্দুল গণি রোড, ঢাকা।
০৭। মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর-১৪, ঢাকা।
০৮। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (পারফরমেন্স ও বিশেষায়িত অডিট) (চঃ দাঃ), সিএজি কার্যালয়, "অডিট ভবন" কাকরাইল, ঢাকা।
০৯। ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (প্রসিডিউর), সিএজি কার্যালয়, "অডিট ভবন" কাকরাইল, ঢাকা।
১০। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর/পরিবহণ অডিট অধিদপ্তর/প্রতিরক্ষা অডিট অধিদপ্তর/স্বাস্থ্য অডিট অধিদপ্তর/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর/স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর/পূর্ত অডিট অধিদপ্তর/রাজস্ব অডিট অধিদপ্তর/শিক্ষা অডিট অধিদপ্তর/কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর/বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর/ মিশন অডিট অধিদপ্তর/ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর/সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর/সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর/সিভিল অডিট অধিদপ্তর/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, ঢাকা।
১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (এফএএন্ডসিএও)-পূর্ব (চট্টগ্রাম)/পশ্চিম (রাজশাহী)/প্রকল্প (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে।
১২। এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (একিউএসি/প্রশাসন/পার্সোনেল/পার্লামেন্ট/পদ্ধতি/পরীক্ষা ও পরিদর্শন) সিএজি কার্যালয়, ঢাকা।
১৩। পরিচালক, এমআইএস **(সিএজি কার্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)**/গবেষণা ও উন্নয়ন, সিএজি কার্যালয়, ঢাকা।
১৪। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, "অডিট ভবন", ঢাকা।
১৫। এসিস্ট্যান্ট কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (রি-অর্গান/একাউন্টস্/আরআরইউ/পার্লামেন্ট/রিপোর্ট-১/রিপোর্ট-২/হিসাব/পদ্ধতি)/ উপ পরিচালক (গবেষণা ও উন্নয়ন/এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

03/06/2026

কামরুজ্জামান
এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
(পরীক্ষা ও পরিদর্শন)
ফোন : ৯৩৪৬৬০৯
exam@cag.org.bd